

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-০৩
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.১৩.০১.২০২২-২৭২

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০
১৮ জুলাই ২০২৩


বিষয় : জনাব মোহাম্মদ ফখরুল ইসলাম (আইডি নং-১২৫৬), প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যাপক-ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ইনসিটু-আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ) এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জনাব মোহাম্মদ ফখরুল ইসলাম (আইডি নং-১২৫৬), প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যাপক-ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ইনসিটু-আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ)-এর অনুকূলে ০১/০৭/২০২৩ তারিখ হতে মাসিক ৩২,০৪০/- টাকা হারে পেনশন ও মোট আনুতোষিক হতে বাড়ি ভাড়া বাবদ অতিরিক্ত গৃহীত ২,১৩,৬০০/-টাকা কর্তন করে (৭৩,৬৯,২০০-২,১৩,৬০০)=৭১,৫৫,৬০০/- (একাত্তর লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত টাকা মাত্র) মঞ্জুর করা হলো। তিনি উক্ত টাকা সোনালী ব্যাংক লি: ময়মনসিংহ কর্পোরেট শাখা, ময়মনসিংহ থেকে উত্তোলন করবেন। উল্লেখ্য, সরকারের রাজস্ব খাত হতে এ অর্থ ব্যয় হবে এবং এ বাবদ কোনক্রমে প্রাপ্য পেনশন ভাতা অপেক্ষা বেশী অর্থ দাবী/মঞ্জুর করা হয়ে থাকলে চাহিবামাত্র তিনি তা ফেরৎ দিতে বাধ্য থাকবেন।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

০৩। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতৎসঙ্গে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


(খোদেজা খাতুন)
উপসচিব


চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,
শিক্ষা মন্ত্রণালয়,
৪৫, পুরানা পল্টন, ঢাকা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.১৩.০১.২০২২-২৭২/১(৫)

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০
১৮ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।
- ৪। ম্যানেজার, সোনালী ব্যাংক লি: ময়মনসিংহ কর্পোরেট শাখা, ময়মনসিংহ।
- ৫। জনাব মোহাম্মদ ফখরুল ইসলাম (আইডি নং-১২৫৬), প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যাপক-ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ইনসিটু-আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ)।


(খোদেজা খাতুন)
উপসচিব